



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

আপনি যদি কোনো সমন পেয়ে থাকেন যেখানে আপনার সম্পত্তি নিয়ে নেওয়া হয়েছে

আপনার সম্পত্তি কি নেওয়া হয়েছিল?:

কিছু কেসের ক্ষেত্রে কর্তৃপক্ষ আপনার সম্পত্তি আপনার কাছ থেকে সরিয়ে নিতে পারে। গৃহীত সম্পত্তিটি আপনার গাড়ি, ভ্রাম্যমান খাবারের বিক্রির কার্ট বা ট্রাক, বৈদ্যুতিক বাইক বা মোটরযুক্ত স্কুটার হতে পারে। এই ক্ষেত্রে, আপনার সম্পত্তি ফিরে পেতে একটি প্রক্রিয়া অনুসরণ করতে হয়।

আপনি সমনটিকে চ্যালেঞ্জ জানাতে পারেন:

আপনি যে সমন পেয়েছেন সেটিকে চ্যালেঞ্জ জানাতে আপনার “দ্রুত শুনানি” করার অধিকার রয়েছে। এর অর্থ আপনি এখনই শুনানি করতে পারবেন। আপনার সমনে লিখিত তারিখটির জন্য আপনাকে অপেক্ষা করতে হবে না।

1. একটি দ্রুত শুনানী পেতে আপনাকে অবশ্যই আপনার সমনে লিখিত OATH ঠিকানায় যেতে হবে। *নোট: OATH বর্তমানে COVID- 19 এর কারণে দূরবর্তী দ্রুত শুনানী পরিচালনা করছে এবং আপনি (844) 628-4692 নম্বরে কল করার মাধ্যমে একটি শুনানীর আবেদন জানাতে পারেন।
2. OATH শুনানীর সিডিউলটি সমনয় করবে এবং আপনাকে শুনানীর তারিখ ও সময় জানিয়ে দেবে (সাধারণত আবেদন গ্রহণের 72 ঘণ্টার মধ্যে)। কিছু লঙ্ঘনের জন্য, সমন ইস্যুকারী কর্মকর্তা শুনানিতে হাজির হবেন।
3. শুনানীর পরে ওই দিনই একজন OATH শুনানী কর্মকর্তা আপনাকে সিদ্ধান্ত দেবেন যে আপনার সমনটি “খারিজ” করা হবে নাকি “লঙ্ঘন” পাওয়া গেছে।

আপনি সমনটিকে স্বীকার করে নিতে পারেন এবং জরিমানা প্রদান করতে পারেন:

আপনার কাছে সমনকে স্বীকার করার এবং শুনানি না করে প্রয়োজনীয় জরিমানা দেওয়ারও অপশন রয়েছে। সেটা করতে আপনার সমন নম্বরটি দরকার হবে। আপনি জরিমানা মেইল করে [অনলাইনে](#), পরিশোধ করতে পারেন, (মেইল করে পরিশোধ করতে পারেন এই ঠিকানায়: Finance Commissioner, City of New York, PO Box 4199, Church Street Station, New York, NY 10261-4199) বা ব্যক্তিগতভাবে।

*নোট: বর্তমান পরিস্থিতির জন্য OATH শুধুমাত্র ম্যানহাটন OATH অফিসে সরাসরি পেমেন্ট গ্রহণ করছে।

আমি যে সমন(গুলি) পেয়েছি তা বুঝিয়ে দিতে কেউ কি আমাকে সহায়তা করতে পারেন?

হ্যাঁ, OATH -এর প্রেসিডিউরাল জাস্টিস কো-অর্ডিনেটরদের দ্বারা নিযুক্ত সহায়তা সেন্টারের কর্মী রয়েছে যারা আপনার সাথে সাক্ষাত করতে পারে এবং চার্জসমূহ, শুনানির প্রক্রিয়া, সম্ভাব্য জরিমানা, আপনার সম্পত্তি ফেরত পেতে অনুসরণ করার পদক্ষেপগুলি, কীভাবে কোনো লঙ্ঘন সংশোধন করতে হয় এবং আরো অনেক কিছু ব্যাখ্যা করতে পারে! অনুগ্রহ করে সহায়তা সেন্টারের সাথে যোগাযোগের নির্দেশনার জন্য নিচে দেখুন।

আমি কি আমার সম্পত্তি ফেরত পেতে পারি?

নিচের প্রক্রিয়াটি অনুসরণ করে বেশিরভাগ সম্পত্তি আপনাকে ফেরত দেওয়া হবে, এমন কিছু বিক্রয়কারী সম্পত্তি রয়েছে যেগুলি সিটি রেখে দিতে চাইবে। আপনার সম্পত্তি সংরক্ষণের সম্ভাব্য সিদ্ধান্ত সম্পর্কে নিউ ইয়র্ক সিটি ল ডিপার্টমেন্ট কর্তৃক গৃহীত হবে (নিচের ধাপ 7 দেখুন)।

যদি আমার সম্পত্তি ফেরতের যোগ্য হয় তবে আমি কিভাবে আমার সম্পত্তি ফিরে পেতে পারি?:

আপনার সম্পত্তি ফেরতযোগ্য হলে আপনাকে নিচেরগুলি প্রয়োজন হবে:

1. আপনার সমনকে খারিজ করা বা আপনাকে “লঙ্ঘনে” অনুসন্ধান করার জন্য OATH সিদ্ধান্তের একটি অনুলিপি।
2. আপনার জরিমানার অর্থ প্রদানের রশিদ, যদি থাকে তবে।
3. গৃহীত সম্পত্তির জন্য “ইনভয়েস নম্বর”। (আপনি সমন ইস্যুকারী দায়িত্বের পুলিশের সাথে যোগাযোগের মাধ্যমেও এটি পেতে পারেন)।
4. আপনার ঠিকানা আছে এমন ফটো আইডি।
5. যে সম্পত্তি নেওয়া হয়েছিল তার মালিকানার প্রমাণ। অনুগ্রহ করে নোট করুন যে অন্য কেউ যদি আপনার কাছ থেকে নেওয়া সম্পত্তিটির মালিক হন তবে অতিরিক্ত প্রমাণের প্রয়োজন হতে পারে।
6. সমনের একটি অনুলিপি।



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

7. **ভেস্তরদের জন্য:** উপরের তালিকাভুক্ত নথিগুলি পেয়ে গেলে প্রতিটি নথির একটি সম্পূর্ণ এবং পরিষ্কার অনুলিপি ইমেল করুন: ALVendors@law.nyc.gov এবং আপনাকে আপনার সম্পত্তি ফেরতের জন্য যোগ্য কি না এবং যদি তাই হয়ে তাকে তাহলে কিভাবে আপনার সম্পত্তি পেতে হবে সে সম্পর্কে আপনাকে আরো নির্দেশাবলী প্রদান করা হবে।
8. **নন-ভেস্তরদের জন্য:** একবার আপনি আপনার সম্পত্তি পাওয়ার জন্য প্রস্তুত হলে, অটো পাউন্ড ইরিক বাসিন (Erie Basin Auto Pound) এর সাথে (718) 246-2031 নম্বরে যোগাযোগ করুন এটা নিশ্চিত করার জন্য যে আপনার সম্পত্তি ফেরত পেতে আপনার কী প্রয়োজন। ঘটনার সম্ভাবনা নেই এমন ইভেন্টের ক্ষেত্রে আপনার সম্পত্তি সেখানে না থাকলে অনুগ্রহ করে আরো সহায়তার জন্য OATH সহায়তা সেন্টারে বা আপনার কাছে (যা আপনার সমনকে তালিকাভুক্ত করা হয়েছে) সমন ইস্যুকারীর সাথে যোগাযোগ করুন।

*** অনুগ্রহ করে নোট করুন যে কেবলমাত্র প্রয়োগকারী অ্যাজেন্সি যারা আপনার সম্পত্তি নিয়েছেন তারাই আপনাকে ফেরত দেওয়ার অধিকার রাখে। *
অনুগ্রহ করে আরো সহায়তার জন্য সরাসরি OATH ঠিকানায় সোমবার থেকে শুক্রবার সকাল 8:00 থেকে বিকেল 5:00 টা পর্যন্ত টেলিফোনে (212) 436-0845
নম্বরে অথবা Manhelpcenter@oath.nyc.gov ইমেইলের মাধ্যমে Oath সহায়তা সেন্টারে যোগাযোগ করুন। অনুগ্রহ করে নোট করুন যে, COVID-19 এর কারণে বর্তমানে সরাসরি সহায়তা উপলব্ধ নেই।**